



হরমুজ প্রণালীতে পাকিস্তানের জন্য বিশেষ ছাড় দিল ইরান



হরমুজ প্রণালীতে পাকিস্তানের জাহাজ চলাচল।

হরমুজ প্রণালী ঘিরে চলমান উত্তেজনার মধ্যে পাকিস্তানের জন্য বড় ধরনের কূটনৈতিক সুবিধা দিয়েছে ইরান। যুদ্ধ পরিস্থিতি নিরসনে মধ্যস্থতাকারী হিসেবে যুক্তরাষ্ট্রের সঙ্গে পরোক্ষ আলোচনায় ভূমিকা রাখছে ইসলামাবাদ।

পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইশহাক দার জানিয়েছেন, ইরান অবরুদ্ধ হরমুজ প্রণালী দিয়ে পাকিস্তানের ২০টি জাহাজ চলাচলের অনুমতি দিতে সম্মত হয়েছে। তার দাবি অনুযায়ী, প্রতিদিন দুটি করে জাহাজ পারাপারের সুযোগ দেওয়া হবে। তিনি এই সিদ্ধান্তকে ইতিবাচক ও সহযোগিতামূলক পদক্ষেপ হিসেবে উল্লেখ করেছেন।

এদিকে একই সময়ে ওমান উপকূলে একটি মার্কিন সামরিক জাহাজ লক্ষ্য করে হামলার দাবি করেছে ইরানের বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)। আল জাজিরার প্রতিবেদনে বলা হয়, শনিবার (২৮ মার্চ) এ ঘটনা ঘটে।

আইআরজিসির দাবি, ওমানের সালালাহ বন্দরের কাছাকাছি অবস্থান করা একটি মার্কিন সহায়তাকারী জাহাজকে লক্ষ্য করেই এই অভিযান চালানো হয়। বাহিনীর এক মুখপাত্র জানান, তারা ওমানের সার্বভৌমত্বকে সম্মান করে, তবে মার্কিন ও ইসরায়েলি লক্ষ্যবস্তু তাদের নজর থেকে বাদ যাবে না বলে স্পষ্ট বার্তা দিয়েছে।